



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২৯

এই যুগ

EI YUG

ডাউনলোড

“এই যুগ
অ্যাপ”


এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 23 SEPTEMBER 2026, WEDNESDAY | ২৩ সেপ্টেম্বর ২০২৬, বুধবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-290

চিনি ও পেঁয়াজের দাম কমানো হবে,
সার্বিক উন্নয়ন করা হবে শিলিগুড়ির নিয়ন্ত্রিত
বাজারের, জানালেন মন্ত্রী দিলীপ ঘোষ



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ২২ সেপ্টেম্বর : মঙ্গলবার রাজ্যের গ্রামোন্নয়ন , পঞ্চায়েত ও কৃষি বিপন্ন দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ শিলিগুড়ির নিয়ন্ত্রিত বাজার পরিদর্শন করে সাংবাদিক সম্মেলন করেন। সাংবাদিক সম্মেলনে মন্ত্রী জানান শিলিগুড়ির নিয়ন্ত্রিত বাজারটি পঞ্চাশ একরের বেশী জমিতে গড়ে উঠেছে। বাজারটি অনেক পুরনো এবং সংস্কারের অভাবে বর্তমানে এটি সমস্যাবহুল বাজার হয়ে পড়েছে। এই বাজারের সার্বিক উন্নয়ন ঘটানোর লক্ষ্যে এক গুচ্ছ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বাজারের জল নিকাশি ব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা ভেতরের রাস্তা গুলির উন্নয়ন ঘটানো হবে। এই বাজারে বাইরে থেকে প্রচুর ট্রাক ফল সহ অন্যান্য সামগ্রী নিয়ে আসে। ট্রাক প্রবেশ ও প্রস্থানের রাস্তা ঠিক না থাকায় বাজারে যানজট সৃষ্টি হয়। একারণে ট্রাক প্রবেশ ও প্রস্থানের রাস্তা ঠিক করা হবে। ট্রাক চালকদের বিশ্রামের জন্য একটি রেস্ট হাউজ তৈরি করা হবে। কাঁচা আনাজ এর বর্জ্য পচে এখানের পরিবেশ নষ্ট করে সেই বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র সহ একটি ছোট আকারে র বহুমুখী হিমঘর স্থাপনের ও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যাতে বাজারে আসা ফল মূল শাক সবজি বেশ কিছুদিন সংরক্ষণ করা যায়। বাজারের চারপাশে সোলার লাইট লাগানো হবে যাতে অপরাধ মূলক কার্যকলাপ বন্ধ করা যায়। তিনি আরও জানান কাজ গুলি করতে সময় লাগবে এবং ধীরে ধীরে এই কাজ গুলি সম্পন্ন করে বাজারটিকে একটি আধুনিক সুবিধা যুক্ত বাজারে পরিণত করা হবে। উপস্থিত ছিলেন রাজ্যের কৃষি বিপন্ন দপ্তরের সচিব , দার্জিলিং এর জেলাশাসক, শিলিগুড়ি মহকুমাশাসক সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ। চিনি ও পেঁয়াজ ব্যবসায়ীদের সাথে ও দুটি পৃথক বৈঠক করেন পঞ্চায়েত মন্ত্রী দিলীপ ঘোষ।

বিশ্ব গন্ডার দিবসের অনুষ্ঠানে
মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ২২ সেপ্টেম্বর : রাজ্যের বন দপ্তর ও আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগে আলিপুরদুয়ার জেলার কালচিনি থানার নীলপাড়া ময়দানে মঙ্গলবার আয়োজিত হয় বিশ্ব গন্ডার দিবসের অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। অনুষ্ঠানের সূচনা করে মুখ্যমন্ত্রী উদ্বোধন করেন অনুষ্ঠান প্রাঙ্গণে কয়েকটি প্রদর্শনী স্টলের। এই স্টলগুলির মধ্যে রয়েছে বন দপ্তরের পাঁচটি স্টল ও আদিবাসী উন্নয়ন দপ্তরের একটি স্টল। বন দপ্তরের স্টলগুলিতে গন্ডার ও বন এবং বন্যপ্রাণ সহ প্রকৃতিক সম্পদের বিষয়গুলি তুলে ধরা হয়েছে। আদিবাসী উন্নয়ন দপ্তরের স্টলে স্থান পেয়েছে উত্তরবঙ্গের বিভিন্ন জনজাতির সাংস্কৃতিক , ধর্মীয় ও সামাজিক ঐতিহ্যময় বিষয়গুলি। মুখ্যমন্ত্রী স্টলগুলির উদ্বোধন করে সেগুলি পরিদর্শন করেন। এরপর তিনি অনুষ্ঠান মঞ্চের মূল অনুষ্ঠানে বক্তব্য রাখেন। তিনি তার বক্তব্যে বিশ্ব গন্ডার দিবসের তাৎপর্য তুলে ধরেন। মুখ্যমন্ত্রী বলেন আলিপুরদুয়ার সহ ডুয়ার্সের উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে বিশ্ব পথটন মানচিত্রে এই অঞ্চলকে স্থান দেওয়ার লক্ষ্যে এই সরকার কাজ করবে। তিনি আরও জানান চা বাগানের উন্নতি কল্পে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বন্ধ চা বাগান খোলা, চা শ্রমিকদের জমির অধিকার প্রদান , কুড়ি শতাংশ হারে পুজো বোনাস প্রদান সহ অন্যান্য প্রকল্প। উপস্থিত ছিলেন রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী মনোজ কুমার ওরাঁও , সাংসদ মনোজ টিগ্গা , রাজ্য সভার সাংসদ প্রকাশ চিক বরাইক , শিক্ষামন্ত্রী দীপক বর্মণ , স্বরাষ্ট্র ও পার্বত্য দপ্তরের প্রতিমন্ত্রী বিশাল লামা , জেলার বিধায়কগণ , এসিএফ মনীশ জৈন , উত্তরবঙ্গের আইজি সুকেশ কুমার জৈন , আলিপুরদুয়ার এর জেলাশাসক , পুলিশ সুপার সহ অন্যান্য আধিকারিক ও বিশিষ্ট ব্যক্তিগণ।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper , Magazine , Book , Flex , Poster , Cartoon , Logo

Publishing work

Publishing work : Newspaper , Magazine , Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY , HOWRAH-711403 , WEST BENGAL

উত্তর পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার বিভাগের উদ্যোগে স্বচ্ছতা হি সেবা অভিযান রেল স্টেশন সহ লাগোয়া এলাকায়



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ সেপ্টেম্বর : উত্তর পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার বিভাগের উদ্যোগে মঙ্গলবার আলিপুরদুয়ার জংশন রেল স্টেশন সহ রেল কলোনি ও লাগোয়া এলাকায় সাফাই অভিযান চালানো হয়। চলতি মাসের সতেরো তারিখ থেকে শুরু হওয়া স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৬ কর্মসূচির অঙ্গ হিসাবেই এদিনের সাফাই অভিযান। ক্লীন রেল গ্রীন রেলওয়ে রেলের এই মিশনকে সফল করার লক্ষ্যে এদিনের এই সাফাই কর্মসূচি। আলিপুরদুয়ার জংশন স্টেশন,রেলের বিভিন্ন শাখা কার্যালয়, রেল কলোনি, রেল বাজারে এই সাফাই অভিযান চলে। জানা গেছে বিভাগীয় রেল ম্যানেজার দেবেন্দ্র সিং,অতিরিক্ত বিভাগীয় রেল ম্যানেজার এস কামেই, রেলের বরিষ্ঠ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার মানস চক্রবর্তী সহ রেলের অন্যান্য আধিকারিকগন, রেল কর্মীরা,যুবক যুবতী স্বেচ্ছাসেবক গন সহ স্থানীয় মানুষ জন এই সাফাই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। সতেরো সেপ্টেম্বর থেকে শুরু হওয়া এই স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৬ পরবর্তী দুসপ্তাহ পর্যন্ত প্রতিদিন স্বেচ্ছা শ্রমদান এর মাধ্যমে চলবে বলে জানিয়েছে রেল কর্তৃপক্ষ।

উদ্ধার তেরো ফুট দীর্ঘ পাইথন



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২২ সেপ্টেম্বর : জলপাইগুড়ি জেলার রাজগঞ্জব্লমের সন্ন্যাসীকাটা গ্রাম পঞ্চায়েতের নাকুগছ গ্রামের একটি বাঁশ বাড় থেকে মঙ্গলবার সকালে বন কর্মীরা উদ্ধার করেন তেরো ফুট দীর্ঘ একটি পাইথন সাপ। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়ায় এলাকায়। জানা গেছে এদিন সকালে স্থানীয় বাসিন্দারা সাপটিকে গ্রামের এক বাঁশবাড়ি দেখতে পান। খবর জানাজানি হতেই প্রচুর মানুষ সাপটিকে দেখার জন্য ভীড় জমান। মানুষের হউগোলে সাপটি ভয় পেয়ে বাঁশ বাড়ে বাঁশের আগায় চড়ে বসে। স্থানীয়রা খবর দেন বন দপ্তরের আমবাড়ি রেঞ্জ। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান ও সাপটিকে উদ্ধার করার প্রক্রিয়া শুরু করেন। সাপটি বাঁশের আগায় চড়ে বসায় উদ্ধারের কাজে সমস্যা সৃষ্টি হয়। বন কর্মীরা কয়েকটি বাঁশ কেটে দীর্ঘক্ষনের চেষ্টায় সাপটিকে উদ্ধার করেন। বন কর্মীরা জানান সাপটি তেরো ফুট লম্বা, এটি সুস্থ আছে। উদ্ধারের পর সাপটিকে তারা রেঞ্জ অফিসে নিয়ে যান। সেখানে কিছুক্ষন পর্যবেক্ষনে রেখে পরে এটিকে গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হবে বলে জানান বন কর্মীরা।

কোচবিহারকে সাজাবো ,উন্নয়ন করব, পুরো মাত্রায় কাজ হবে ,কোচবিহারে এসে বললেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২২ সেপ্টেম্বর : উত্তরবঙ্গ সফরে আজ কোচবিহারে এসে রাজ আমলের ঐতিহ্যবাহী মদনমোহন মন্দিরে পূজা দেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী । এরপর কোচবিহার রবীন্দ্র ভবনে একটি প্রশাসনিক বৈঠক করেন। বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন ,“দ্রুত কোচবিহারের বিমানবন্দর চালু করা হবে । ২৮ তারিখে এয়ারপোর্টের এগ্রিমেন্ট হচ্ছে। জেলার জাতীয় সড়ক ,রেল ব্যবস্থার উন্নয়ন ,সীমান্তের সুরক্ষার বিষয় ছাড়াও কোচবিহারকে সাজাবো, উন্নয়ন করব প্রভৃতি বিষয় নিয়ে প্রশাসনিক কর্মীদের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়েছে । অন্নপূর্ণা যোজনায় ৫ লক্ষ ৫৮ হাজার মহিলা সরকারি সুবিধা পাচ্ছে ,আয়ুত্মান প্রকল্প পরিষেবায় সুবিধা পেয়েছেন প্রায় দুই হাজার মানুষ। দেশকে সুরক্ষিত করতে গেলে দেশের সীমান্ত সুরক্ষিত করতে হবে যে কারণে ২১০ একর জমি আমরা বিএসএফ কে দিচ্ছি। পূজোর আগে রাস্তা মেরামতের কাজ, পৌরসভা গুলোর অবস্থার উন্নয়ন করা হবে।” এছাড়াও তিনি বলেন ,“রাজবংশী ভাষা একাডেমির জন্য আমরা ৫০ কোটি টাকা বরাদ্দ করেছি।কোচবিহারের পুরো মাত্রায় কাজ হবে বলে তিনি উল্লেখ করেন।”



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL



জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কর্মীদের আটক যশোডাঙ্গা বাস স্ট্যান্ডে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ সেপ্টেম্বর : দীর্ঘদিন যাবত পানীয় জল থেকে বঞ্চিত আছেন টটপাড়া এলাকার বাসিন্দা গোল। দিনের পর দিন অভিযোগ জানিও কোন কাজ হচ্ছে না জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের আধিকারিক থেকে শুরু করে প্রশাসনিক কর্তাদের। গত একমাস আগে গ্রাম পঞ্চায়েত প্রধানকে পানীয় জলের সমস্যা সমাধানের জন্য আবেদন জানানো হয়েছিল। এক মাস বাদে পানীয় জলের ঠিকাদার সংস্থার কর্মীরা এসেছেন এলাকায় পানীয় জলের কল পরিদর্শন করতে। পরিদর্শন করতে এসে বিপত্তি ঘটে গেল তাদের। রীতিমতো তাদের আটকে রাখা হয় এমনকি দড়ি দিয়ে বেঁধে রাখার হুমকি দেন জনতা। যদিও কর্মীদের আটকে রাখার পরেই জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কর্মকর্তা এবং ঠিকাদার সংস্থার জনক নড়ে যায়। যদিও ঘন্টা দেড়েক তাদের আটকে রেখে পরে ছেড়ে দেওয়া হয়েছে। তবে আগামী ৪৮ ঘণ্টার মধ্যে পানীয় জলের কল ঠিক না হলে বৃহত্তর আন্দোলন হবে স্পষ্ট বার্তা দিয়ে দিয়েছেন গ্রামবাসীরা।

জঙ্গলের গাছ কাটতে গিয়ে গ্রেফতার একজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ সেপ্টেম্বর : জঙ্গলে গাছ কাটার সময় বনদপ্তরের কর্মীদের হাতে ধরা পড়ে ২৬ বছরের মালো খড়িয়া নামে এক ব্যক্তি। অপর দুজন পালিয়ে গেছে এমনটাই জানা গেছে সাউথ রাইডাক রেঞ্জের রেঞ্জার প্রভাত কুমার বর্মনের কাছ থেকে। বনকর্তার কাছ থেকে জানা গেছে মঙ্গলবার সকালে গোপন খবরের ভিত্তিতে বকশা ব্যাঘ্র প্রকল্পের সাউথ রাইডাক রেঞ্জের নারারখলি বিট অফিস সংলগ্ন জঙ্গলে সেগুন গাছ কাটছে তিন ব্যক্তি এমনটাই খবর ছিল তাদের কাছে। সেই সময়ে অভিযান চালায় বনদপ্তরের কর্মীরা। দুজন পালিয়ে গেলেও একজনকে ধরে ফেলে কর্মীরা। বনদপ্তর এর পক্ষ থেকে তাকে গ্রেফতার করে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠালে বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL